

# পরীক্ষার প্রত্যাশা

এই স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রটি 13 বছর এবং তার চেয়ে বেশী বয়সী সমস্ত রোগীকে HIV পরীক্ষণের সুবিধা প্রদান করে ভাল চিকিৎসা পদ্ধতি এবং সরকারি স্বাস্থ্য আইন অনুপালন করে।

## নিয়মিত ল্যাব পরীক্ষা

✓	ফ্লকোজ
✓	কোলেস্টেরল
✓	HIV পরীক্ষা
✓	সম্পূর্ণ ব্লাড কাউন্ট
✓	লিপিড প্রোফাইল

## HIV পরীক্ষার সম্পর্কে আপনার যে বিষয়গুলি জেনে রাখা উচিত

- HIV পরীক্ষা স্বেচ্ছামূলক এবং HIV পরীক্ষার ফলাফল গোপনীয় (ব্যক্তিগত)।
- HIV অসুরক্ষিত যৌন সঙ্গম, একাধিক ব্যক্তি দ্বারা একই সূচের ব্যবহার, শিশু জন্ম বা স্তন্যদানের মাধ্যমে ছড়াতে পারে।
- HIV চিকিৎসা কার্যকরী, সামান্য বা কোনও পার্শ্বপ্রতিক্রিয়া নেই এবং দিনে হয়তো কেবল একটি বড়ি খেতে হতে পারে।
- সঙ্গীরা নিজের HIV অবস্থান জেনে এবং HIV চিকিৎসা গ্রহণ করে বা HIV প্রি-এক্সপোজার প্রোফাইল্যাক্সিস (pre-exposure prophylaxis, PrEP) খেয়ে নিজেদের সুরক্ষিত রাখতে পারেন। একই সূচ ব্যবহার না করে এবং সুরক্ষিত যৌন অভ্যাস HIV, হেপাটাইটিস C এবং অন্যান্য STDs প্রতিরোধে সাহায্য করবে।
- কোনও ব্যক্তির HIV অবস্থানের কারণে তার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা বেআইনি।
- কিছু নির্দিষ্ট সরকারি পরীক্ষণ কেন্দ্রে বেনামী HIV পরীক্ষার (আপনার নাম না জানিয়ে) সুবিধা পাওয়া যাচ্ছে।
- HIV পরীক্ষা স্বাস্থ্য পরিচর্যার একটি স্বাভাবিক অংশ কিন্তু আপনার কাছে HIV পরীক্ষার বিরুদ্ধে আপত্তি জানানোর বা অস্বীকার করার অধিকার আছে।
- যদি আপনি একটি HIV পরীক্ষা অস্বীকার করতে ইচ্ছুক হন তাহলে স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে জানান।

কিভাবে এবং কখন আপনার HIV ফলাফলের ব্যাপারে জানতে পারবেন সে ব্যাপারে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সঙ্গে কথা বলুন। সবচেয়ে খারাপ HIV অবস্থান: অজানা। পরীক্ষার ফলে আপনি নিয়ন্ত্রণে থাকেন। [HIVtestNY.org](http://HIVtestNY.org)



Department  
of Health